

আল-মুজাদিলা | Al-Mujadila | الْمُجَادِلَةُ

আয়াতঃ ৫৮ : ১৬

আরবি মূল আয়াত:

اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ فَلَهُمْ عَذَابٌ مُهِينٌ ﴿١٦﴾

অনুবাদসমূহ:

তারা তাদের কসমগুলোকে ঢাল হিসেবে নিয়েছে। অতঃপর তারা আল্লাহর পথে বাধা প্রদান করেছে। ফলে তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক আযাব। — আল-বায়ান

তারা তাদের শপথগুলোকে ঢাল বানিয়ে নিয়েছে, এর সাহায্যে তারা মানুষকে আল্লাহর পথ থেকে ফিরিয়ে রাখে, এ কারণে তাদের জন্য আছে অপমানজনক শাস্তি। — তাইসিরুল

তারা তাদের শপথগুলিকে ঢাল হিসাবে ব্যবহার করে, এভাবে তারা আল্লাহর পথ হতে মানুষকে নিবৃত্ত করে; তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি। — মুজিবুর রহমান

They took their [false] oaths as a cover, so they averted [people] from the way of Allah, and for them is a humiliating punishment. — Sahih International

১৬. তারা তাদের শপথগুলোকে ঢালস্বরূপ গ্রহণ করেছে, অতঃপর তারা আল্লাহর পথে বাধা প্রদান করেছে; সুতরাং তাদের জন্য রয়েছে লাঞ্ছনাদায়ক শাস্তি।

তাকসীরে জাকারিয়া

১৬। তারা তাদের শপথগুলোকে ঢাল হিসাবে ব্যবহার করে, [1] (এভাবে) তারা আল্লাহর পথ হতে মানুষকে নিবৃত্ত করে। [2] সুতরাং তাদের জন্য রয়েছে লাঞ্ছনাকর শাস্তি।

[1] اِيْمَانٌ হল যিমীন এর বহুবচন। অর্থ, কসম। অর্থাৎ, যেভাবে ঢাল দ্বারা শত্রুর আক্রমণকে রোধ করে নিজেকে বাঁচিয়ে নেওয়া হয়, অনুরূপ তারাও নিজেদের কসমকে মুসলিমদের তরবারির আঘাত থেকে বাঁচার জন্য ঢাল বানিয়ে রেখেছিল।

[2] অর্থাৎ, মিথ্যা কসম খেয়ে এরা নিজেদেরকে মুসলমান প্রকাশ করে। ফলে বহু মানুষ তাদের প্রকৃত ব্যাপার সম্পর্কে অবহিত হতে না পারার কারণে তাদের ধোঁকার জালে বন্দী হয়ে ইসলাম গ্রহণ করা হতে বঞ্চিত থেকে যায়। আর এইভাবে তারা মানুষকে আল্লাহর পথে বাধা দেওয়ার অপরাধ করে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5120>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন